

# এইচএসসি পরীক্ষার ফল পুনঃ নিরীক্ষণের আবেদন করা যাবে ৭ দিন

অনলাইন ডেস্ক

১৫ অক্টোবর,  
২০২৪ ১২:৪৩

শেয়ার

অ +

অ -



এইচএসসি ও সমমান পরীক্ষার ফলাফল পুনঃ নিরীক্ষণের আবেদন গ্রহণ শুরু হবে বুধবার (১৬ অক্টোবর)।

আজ মঙ্গলবার (১৫ অক্টোবর) সকালে রাজধানীর বকশি বাজারে ঢাকা শিক্ষা বোর্ডে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকার এ তথ্য জানান।

এ বছর ১১টি বোর্ডে গড় পাসের হার ৭৭ দশমিক ৭৮ শতাংশ। জিপিএ ৫ পেয়েছে এক লাখ ৪৫ হাজার ৯১১ জন।

গত বছর অর্থাৎ ২০২৩ সালের চেয়ে এবার পাসের হার কমলেও বেড়েছে জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা।

প্রকাশিত এ ফলাফলে কেউ যদি সন্তুষ্ট না হয়, তাহলে উত্তরপত্র চ্যালেঞ্জ বা ফল পুনঃ নিরীক্ষণের সুযোগ রয়েছে। এ

ফল পুনঃ নিরীক্ষণের জন্য শিক্ষার্থীদের টেলিটক সিম ব্যবহার করে এসএমএসের মাধ্যমে আবেদন করতে হবে।

তপন কুমার সরকার জানান, পুনঃ নিরীক্ষণ আবেদন প্রক্রিয়া শুরু হবে বুধবার, যা চলবে ২২ অক্টোবর পর্যন্ত।

পুনঃ নিরীক্ষণের আবেদন প্রক্রিয়ার বিস্তারিত ও ফি ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে।

